দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JAN 1993 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৭ ...

# ২০শে ফেব্রুয়ারী পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ে সভা-সমাবেশ স্থগিত রাখার সিদ্ধান্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে ২০শে ফেব্রুয়ারী পর্যন্ত ক্যাম্পাসে সকল ধরনের সভা সমাবেশ স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। গত মঙ্গলবার ভিসি প্রফেসর মুহম্মদ আবদুল হামিদের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন, বিভিন্ন ছাত্র সংগঠন ও আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের এক যৌথ সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ের ছাত্র নয় এমন কোন ব্যক্তি ক্যাম্পাসে আনাগোনা অথবা হলে অবস্থান করিতে পারিবে না। বহিরাগত কেউ অবৈধভাবে ক্যাম্পাসে প্রবেশ করিলে অথবা হলে অবস্থান করিলে পুলিশ তাহাকে গ্রেফতার করিতে পারিবে। কোন মামলার আসামী ক্যাম্পাসে অবস্থান বা ঘোরাফেরা করিতে পারিবে না। ছাত্র সংগঠনসমূহ পরস্পরের প্রতি কোন প্রকার আক্রমণাত্মক উক্তি বা উস্কানিমূলক বক্তব্য প্রদান হইতে বিরত থাকিবে। কেউ এই সিদ্ধান্ত ভঙ্গ করিলে তাহার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাহাকে বহিষ্কারও করিতে পারিবেন। কোন ছাত্রের নিকট যে কোন ধরনের অস্ত্র যেমন, কাটারাইফেল, পিস্তল,

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ২০শে ফেব্রুয়ারী

( শেষ পৃঃ পর )

চাইনিজ কুড়াল, খুর, রামদা কিরিচ রড ইত্যাদি পাওয়া গেলে তাহাকে তাৎক্ষণিকভাবে গ্রেফতার করা হইবে। কুষ্টিয়া জেলা প্রশাসক, পুলিশ সুপার, ছাত্রদল, ছাত্রলীগ (ম-ই) ছাত্রমৈত্রী, ছাত্র ইউনিয়ন, ছাত্রশিবির, জমিয়তে তালাবায়ে আরাবিয়া, ছাত্রলীগ (বা-কা), ইসলামী ছাত্রসেনাসহ অন্যান্য ছাত্র সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক সভায় উপস্থিত ছিলেন।

—প্রেস বিজ্ঞপ্তি।